

# Bullets & Numbering – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৯

[tutorial.hamimit.com/bullets-numbering](http://tutorial.hamimit.com/bullets-numbering)

By ath\_2018

October 23,  
2019


**Bullets & Numbering** হলো ডকুমেন্টের কোন লাইন কিংবা প্যারাগ্রাফ বুলেট চিহ্ন বা নাম্বার দ্বারা লিস্ট আকারে সুন্দরভাবে প্রকাশ করা।

এ অধ্যায়ে ওয়ার্ড ডকুমেন্টের টেক্সটসমূহ কিভাবে বুলেট এবং নাম্বারিং দেয়া যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

আপনি ইচ্ছা করলে প্রয়োজনীয় টেক্সট সম্পাদন করে বুলেট এবং নাম্বারিং দিতে পারেন এবং কমান্ড প্রয়োগ করে পরে টেক্সট সম্পাদন করতে পারবেন।

## সিলেক্টকৃত টেক্সটসমূহে বুলেট চিহ্ন দেয়া


- ডকুমেন্টের যে লাইন কিংবা প্যারাগ্রাফের মধ্যে বুলেট চিহ্ন দিতে চান তা সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Bullets** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে প্রয়োজনীয় বুলেট চিহ্নের উপর ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড লাইন/প্যারাগ্রাফ বুলেট চিহ্ন দ্বারা চিহ্নিত হয়েছে।

## সিম্বল/পিকচার দিয়ে টেক্সটসমূহে বুলেট চিহ্ন দেয়া


- ডকুমেন্টের যে লাইন কিংবা প্যারাগ্রাফের মধ্যে বুলেট চিহ্ন দিতে চান তা সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Bullets** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে **Define New Bullets** ক্লিক করুন।




অতপর **Symbol** এবং **Picture** বাটন ক্লিক করে আপনার পছন্দনীয় সিম্বল ও ছবি বুলেট হিসেবে প্রয়োগ করতে পারবেন।

সিলেক্টকৃত টেক্সটসমূহে বুলেট চিহ্ন বাদ দেয়া

- ডকুমেন্টের যে লাইন কিংবা প্যারাগ্রাফের মধ্যে বুলেট চিহ্ন বাদ দিতে চান তা সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Bullets** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে **None** ক্লিক করুন।






লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড লাইন/প্যারাগ্রাফ বুলেট চিহ্ন বাদ হয়েছে।

## সিলেক্টকৃত টেক্সটসমূহে নম্বরিং দেয়া


- ডকুমেন্টের যে লাইন কিংবা প্যারাগ্রাফ নম্বরিং করতে চান তা সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Numbering** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে প্রয়োজনীয় নম্বরিং ফরমেটের উপর ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড লাইন/প্যারাগ্রাফ নাম্বারিং দ্বারা চিহ্নিত হয়েছে।

## টেমপ্লেটসমূহে নাম্বারিং ফরমেট করা

- প্রয়োজনীয় লাইন/প্যারাগ্রাফ সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Numbering** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে **Define New Number Format** ক্লিক করুন।




অতপর **Number Style** প্রয়োজনীয় স্টাইল এবং **Font** বাটন ক্লিক করে আপনার পছন্দনীয় ফন্ট সিলেক্ট করে নাম্বার হিসেবে প্রয়োগ করতে পারবেন।



## সিলেক্টকৃত টেক্সটসমূহে নান্বারিং বাদ দেয়া

- ডকুমেন্টের যে লাইন কিংবা প্যারাগ্রাফ নান্বারিং করতে চান তা সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Paragraph** প্যানেল কিংবা গ্রুপের **Numbering** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করে **None** ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টেড লাইন/প্যারাগ্রাফ নাম্বারিং বাদ হয়েছে।

## বুলেট চিহ্ন দেয়ার কীবোর্ড সটকাট কমাও

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে বুলেট চিহ্ন দিতে চাইলে প্রয়োজনীয় টেক্সট বা প্যারাগ্রাফসমূহ সিলেক্ট করুন। অতপর কীবোর্ডের **Ctrl+Shift+L** চাপুন।

লাইন স্পেসিং পরিবর্তন করা - এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৮ দেখতে এখানে ক্লিক করুন।

ট্যাব সেটিং করা - এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩০ দেখতে এখানে ক্লিক করুন।

**Bullets & Numbering** এর বিভিন্ন কমান্ড নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ পর্বতীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে ট্যাব সেটিং [Tab Setting] কমান্ড ব্যবহার করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।

টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়ালটি তথ্যবহুল হয় তবে বন্ধুত্বপূর্ণ শেয়ার করুন।